গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
www.sesip.gov.bd

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫২/হাকবিশি/২০১৬/৩৮৮৪ তারিখ: ১৪.০৫.২০১৯ খ্রি.

বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষকগণের জন্য হাতে কলমে বিজ্ঞান শিক্ষা বিষয়ক ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় **মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের** বিজ্ঞান শিক্ষকগণের ০৫ (পাঁচ) **দিনব্যাপী প্রশিক্ষণ** সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে প্রতিটি (০৯ টি) অঞ্চলে অনুষ্ঠিত হবে। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি ০৯ টি অঞ্চলে পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এর তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে পরিচালক, আঞ্চলিক কার্যালয় এর সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং পরিচালক কর্তৃক মনোনীত সেসিপের একজন কর্মকর্তা প্রতিদিন কাজ করবেন। প্রধান প্রশিক্ষক কর্মসূচি আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন। একজন কর্মকর্তা একদিনে একাধিক সম্মানী প্রাপ্য হবেন না।

খ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে।

গ. আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতি ব্যাচে প্রতিটি ভেন্যুতে ১০টি কক্ষে (ক্ষেত্র বিশেষে ন্যূনতম ০৫ টি) প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

ঘ. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের (বিদ্যালয়/মাদ্রাসা) বিজ্ঞান বিষয়ে পাঠদানকারী শিক্ষকগণ যারা সেসিপের আওতায় পূর্বে আয়োজিত বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাননি তাঁরা এ প্রশিক্ষনের আওতায় আসবেন। যোগ্য শিক্ষকগণ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই সঙ্গে আনবেন।

ঙ. কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)। রমজান মাসে কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজের জন্য ৩০ মিনিট এবং জুম্মার নামাজের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে)।

চ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৫ দিনের মধ্যে সম্পন্ন করবেন। মাস্টার ট্রেইনার প্রশিক্ষণে প্রদত্ত ম্যানুয়ালটি মাস্টার ট্রেইনারগণ সঙ্গে আনবেন। কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে।

ছ. প্রশিক্ষণ শুরুর দিনে দুপুর ১২ টার মধ্যে আবশ্যিকভাবে অংশগ্রহণকারী শিক্ষকদের সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে spsu.training2017@gmail.com প্রেরণ করতে হবে।

**জ. প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (সংযুক্ত Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।**

ঝ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট (সংলগ্নি 'খ') অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন (বাজেট বরাদ্দ দ্রুততম সময়ের মধ্যে পাঠানো হবে)।

ঞ. বর্ণিত প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বিজ্ঞান সরনঞ্জামাদি সরকারি ক্রয় প্রক্রিয়া অনুসারে সংগ্রহ করতে হবে (বিস্তারিত বিবরণ পৃথকভাবে প্রেরিত হবে)। সংগৃহীত বিজ্ঞান সরনঞ্জামাদি দিয়ে একাদিক্রমে ০৫ টি ব্যাচের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। বর্ণিত বিজ্ঞান সরঞ্জামাদি ক্রয়ের প্রক্রিয়া আগামী ২৫ মে ২০১৯ এর মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

ট. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

ঠ. প্রশিক্ষণে প্রতিদিন সকালের নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে এবং দুপুরের খাবারের পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে তবে রমজান মাসে সকালে নাস্তা, দুপুরের খাবার ও বিকালের চা-এর পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে।।

৩। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার পর উত্তোলিত অগ্রিম দ্রুততার সাথে বিধি মোতাবেক সমন্বয় করতে হবে।

৪। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এর দায়িত্বপ্রাপ্ত সেসিপ-এর কর্মকর্তা তালিকাভূক্ত যোগ্য মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন। মাস্টার ট্রেইনারগণের তালিকা শীঘ্রই সংশ্লিষ্ট পরিচালকগণের নিকট ই-মেইলে প্রেরণ করা হবে।

৫। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে ড. মো: মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৫৫০০৭ অথবা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৭৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

স্বাক্ষরিত

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব ও
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
টেলিফোন: ৯৫৫৩৭১২

পরিচালক
আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

স্মারক নং- মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৫২/হাকবিশি/২০১৬/৩৮৮৪ তারিখ: ১৪.০৫.২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত সচিব (উন্নয়ন)]।
২. এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৩. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. যুগ্মসচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৬. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. জেলা প্রশাসক, ---------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
৯. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
১০. অধ্যক্ষ ------------------------------ (কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১১. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (**www.sesip.gov.bd** ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জেলা শিক্ষা অফিসার--------------------(সংশ্লিষ্ট পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কে প্রশিক্ষণবিহীন বিজ্ঞান শিক্ষকের তালিকা ২০ মে, ২০১৯খ্রি. তারিখের মধ্যে প্রেরণ ও সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
১৩. প্রধান শিক্ষক/সুপার---------------------------(কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ (সংশ্লিষ্ট অঞ্চলে কর্মসূচি আয়োজনে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধসহ)।
১৫. জনাব ------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১৬. সংরক্ষণ নথি।

Sajjad Hossain
১৪.০৫.২০১৯

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক ও
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
টেলিফোন: ৯৫৭৩৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
জেলাভিত্তিক **PST** প্রশিক্ষণসূচি-২০১৯

| SL | Zone | Batch-1 26-30 May 2019 | | | Batch-2 10-14 June 2019 | | | Batch-3 15-19 June 2019 | | | Batch-4 20-24 June 2019 | | | Total | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R+1 | MT+1 | |
| 1 | Barisal | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | **900** | 21 | 41 | |
| 2 | Chittagong | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **800** | 21 | 41 | |
| 3 | Comilla | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | | | | **600** | 16 | 31 | |
| 4 | Dhaka | 400 | 10 | 20 | 250 | 5 | 10 | 250 | 5 | 10 | 200 | 5 | 10 | **1100** | 26 | 51 | |
| 5 | Khulna | 400 | 10 | 20 | 400 | 10 | 20 | 250 | 5 | 10 | 250 | 5 | 10 | **1300** | 31 | 61 | |
| 6 | Mymensingh | 400 | 10 | 20 | 250 | 5 | 10 | 250 | 5 | 10 | 200 | 5 | 10 | **1100** | 26 | 51 | |
| 7 | Rajshahi | 400 | 10 | 20 | 400 | 10 | 20 | 400 | 10 | 20 | 300 | 10 | 20 | **1500** | 41 | 81 | |
| 8 | Rangpur | 400 | 10 | 20 | 400 | 10 | 20 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1200** | 31 | 61 | |
| 9 | Sylhet | 250 | 6 | 12 | 250 | 6 | 12 | | | | | | | **500** | 13 | 25 | |
| | | **2875** | **71** | **142** | **2575** | **61** | **122** | **1975** | **45** | **90** | **1575** | **40** | **80** | **9000** | **226** | **443** | |
| | | 9 | | | 9 | | | 8 | | | 7 | | | | | | |

| P | NT |
|---|---|
| 1 | 9 |
| 2 | 9 |
| 3 | 8 |
| 4 | 7 |
| Total | **33** |

NT-Net Trainee/Teacher
MT- Master Trainer
R-Room
P- Batch Serial

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.১৭৭ তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬
০৭ মে ২০১৯

প্রাপক:
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা

বিষয়: **সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় 'হাতে কলমে বিজ্ঞান শিক্ষা' বিষয়ক মাঠ পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির বাজেট অনুমোদন।**

সূত্র: মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩০৯/প্রশিক্ষণ/২০১৭/৩৬৮০, তারিখ: ১৫/০৪/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর প্রস্তাব অনুসারে নিম্নোক্ত শর্তে 'হাতে কলমে বিজ্ঞান শিক্ষা' বিষয়ক মাঠ পর্যায়ের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচির ৪৫টি ব্যাচে মোট ৯,৮৫,৮৩,৩০০.০০ (নয় কোটি পঁচাশি লক্ষ তিরাশি হাজার তিনশত মাত্র) প্রতি ব্যাচে ২১,৫০,৭৪০.০০ (একুশ লক্ষ পঞ্চাশ হাজার সাতশত চল্লিশ মাত্র) টাকা এবং ব্যবহারিক বিজ্ঞান সামগ্রী ক্রয় বাবদ ৯,৮৫,৮৩,৩০০.০০ (নয় কোটি পঁচাশি লক্ষ তিরাশি হাজার তিনশত) টাকার বাজেট নিম্নোক্ত বিভাজন অনুযায়ী নির্দেশক্রমে অনুমোদন করা হলো:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আয়োজক: ৯টি আঞ্চলিক কার্যালয় | | | | | |
| মোট অংশগ্রহণকারীর সংখ্যা: ৯,০০০ (নয় হাজার) জন। | | প্রতিব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ২০০ জন। | | | |
| মোট ব্যাচ সংখ্যা: ৪৫ (পঁয়তাল্লিশ)। প্রতিব্যাচে দিনের সংখ্যা: ০৫ (পাঁচ) | | প্রতিব্যাচে কক্ষ সংখ্যা: ০৫ (পাঁচ)। | | | |
| | | | | | |
| প্রতি ব্যাচে প্রাক্কলিত ব্যয় | | | | | |
| ক্রম | ব্যায় খাত | একক | পরিমাণ | একক হার | মোট ব্যয় |
| ১.০ | সম্মানী/দৈনিক-ভাতা/ভ্রমণ-ভাতা | | | | |
| ১.১ | মাস্টার ট্রেইনারগণের সম্মানী (২*৫*৫+১*৫) | জন/দিন | ৫৫ | ১০০০ | ৫৫০০০ |
| ১.২ | প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা (২০০*৫) | জন/দিন | ১০০০ | ৭০০ | ৭০০০০০ |
| ১.৩ | প্রোগ্রাম সমন্বয়কের সম্মানী (৩*৫)২ | জন/দিন | ১৫ | ১২০০ | ১৮০০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.৪ | প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ) (২০০+১১) | জন | ২১১ | ১৫০০ | ৩১৬৫০০ |
| ১.৫ | প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের রাত্রি-যাপন ভাতা৪ (২১১*৫) | জন | ১০৫৫ | ৬০০ | ৬৩৩০০০ |
| ১.৬ | ওয়ার্ড প্রসেসরদের ভাতা (১*৫)৫ | জন/দিন | ৫ | ৩০০ | ১৫০০ |
| ১.৭ | সাপোর্ট সার্ভিসের ভাতা (৩*৫)৬ | জন/দিন | ১৫ | ২০০ | ৩০০০ |
| ২.০ | কর্মসূচি ব্যয় | | | | |
| ২.১ | প্রশিক্ষণ ভেন্যু ব্যবস্থাপনা (মনিটরিং ভিজিট৭, ফটোকপি, কক্ষ পরিচ্ছন্নতা. প্রশিক্ষণার্থীগণের জন্য খাবার পানি, টিস্যু বক্স ইত্যাদি) | প্রকৃত | | | ৭০০০ |
| ২.২ | প্রশিক্ষণকালীন লাঞ্চ (প্রশিক্ষণার্থী ১০০০ + মাস্টার ট্রেইনার ৫৫ + প্রোগ্রাম সমন্বয়ক ১৫ + ওয়ার্ড প্রসেসর ৫ + সাপোর্ট সার্ভিস ১৫) | জন/দিন | ১০৯০ | ২৫০ | ২৭২৫০০ |
| ২.৩ | প্রশিক্ষণকালীন সকাল ও বিকালের নাস্তা | জন/দিন | ১০৯০ | ১০০ | ১০৯০০০ |
| ২.৪ | প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রোগ্রাম সমন্বয়কের ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি | জন/দিন | ২১৪ | ১৬০ | ৩৪২৪০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২.৫ | প্রশিক্ষণ সামগ্রী (পোস্টার পেপার, মার্কার, ফ্লীপচার্ট)৯ | প্রোগ্রাম/ কক্ষ | ৫ | ২০০ | ১০০০ |
| মোট: (কথায়:টাকা একুশ লক্ষ পঞ্চাশ হাজার সাতশত চল্লিশ মাত্র) | | | | | ২১৫০৭৪০ |
| | | | | | |
| এরুপ ৪৫টি ব্যাচে মোট ব্যায় ৪৫*২১৫০৭৪০.০০ (প্রতি ব্যাচের ব্যায়) + ৯টি ভেন্যুতে ব্যবহারিক বিজ্ঞান সামগ্রী ক্রয় বাবদ ৯*২০০০০০.০০ টাকা = টাকা ৯,৮৫,৮৩,৩০০.০০ (নয় কোটি পঁচাশি লক্ষ তিরাশি হাজার তিনশত মাত্র)। | | | | | |

শর্তসমূহ:

(ক) এ অর্থ ব্যয়ে সরকারি সকল বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) প্রশিক্ষণ শেষে ব্যয় বিবরণী যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে;

(গ) বর্ণিত বিষয়ে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে এ জন্য ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(ঘ) সেসিপ কর্তৃপক্ষ প্রশিক্ষণের ভেন্যু, তারিখ ও সময়সহ বিস্তারিত কর্মসূচি প্রশিক্ষণ শুরুর পূর্বেই এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন; এবং

(ঙ) বর্ণিত প্রশিক্ষণের ব্যয়ের অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন গ্রহন করতে হবে।

...

৮-৫-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব

নম্বর:
৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.১৭৭/১(৪)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৬
০৭ মে ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

২) সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

৩) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা

৪) অফিস, মাস্টার কপি

৮-৫-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব